# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স,২০২৩

**মুখবন্ধঃ** দ্রুত বিকাশমান তথ্য প্রযুক্তির উৎকর্ষতায় বীমা গ্রাহকদের নতুন পরিকল্প এবং দ্রুত ও স্বচ্ছতার সাথে বীমা সেবা পাওয়ার জন্য তাদের চাহিদায় ব্যাপক পরিবর্তন এসেছে। সাম্প্রতিক অগ্রগতি সত্ত্বেও, বীমা শিল্পে উদ্ভাবনের (innovation) অপার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে তথ্য প্রযুক্তি প্লাটফর্মের মাধ্যমে বীমা খাতে উদ্ভাবনের সুযোগ গ্রহণ করা প্রয়োজন। বর্তমান সময়ে Insurtech/Start-up প্রতিষ্ঠানের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে যারা উদ্ভাবনী পণ্য ও সেবা নিয়ে এগিয়ে এসেছে। বীমা খাতের সুশৃঙ্খল বিকাশ এবং বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের মধ্যে ভারসাম্য বজায় রাখা এবং তথ্য প্রযুক্তিখাতকে বীমা সেবায় সম্পৃক্ত করার জন্য **'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স-২০২৩'**, জারি করছে।

১) **শিরোনামঃ** এ গাইডলাইনটি **'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স, ২০২৩'** নামে অভিহিত হবে।

২) **প্রবর্তনঃ** এ গাইডলাইনটি জারির তারিখ হতে কার্যকর হবে।

৩) **সংজ্ঞা:**

১) 'আইন' অর্থ বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০;

২) 'আবেদনকারী' অর্থ বীমা আইন, ২০১০ এর ২(৩২) ধারায় সংজ্ঞায়িত ব্যক্তি;

৩) 'Regulatory Sandbox' অর্থ এমন ব্যবস্থা যাতে নতুন ব্যবসায়িক ধারা সৃষ্টির লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে নতুন বীমা পরিকল্প বা সেবা উদ্ভাবনের জন্য পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনা করা;

৪) 'কর্তৃপক্ষ' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর অধীনে গঠিত কর্তৃপক্ষ;

৫) এ গাইডলাইন্সে যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হয়েছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয়নি, সে সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি ও প্রবিধানে যে অর্থে ব্যবহৃত হয়েছে এই নীতিমালায় উক্ত অর্থে প্রযোজ্য হবে।

**৪. প্রযোজ্যতাঃ** এ গাইডলাইন্স নিম্নলিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবেঃ

(ক) কোন বীমাকারী;
(খ) কোন Insurtech/Start up প্রতিষ্ঠান; এবং
(গ) কর্তৃপক্ষ নির্ধারিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।

**৫. রেগুলেটরি স্যান্ডবক্সে আবেদনের শ্রেণিবিভাগঃ** বাংলাদেশের বীমা শিল্পে প্রযুক্তিগত উদ্ভাবন বাস্তবায়নে নিম্নবর্ণিত যে কোন এক বা একাধিক শ্রেণিতে অনুমোদন প্রদানের জন্য insurtech/start up প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেঃ

ক) বীমা পরিকল্প উদ্ভাবন;
খ) বীমা পণ্য বিপণন (ই-কমার্স সহ);
গ) বীমা দাবি নিষ্পত্তির সেবা প্রদান;
ঘ) অবলিখন (Underwriting);এবং
ঙ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন শ্রেণির বীমা সেবা।

**৬. আবেদন যোগ্যতার মানদন্ডঃ**

ক) বাংলাদেশে নিবন্ধিত কোন তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান;

খ) আর্থিক খাতে তথ্য প্রযুক্তি ব্যবহার করার সক্ষমতা রয়েছে এতদবিষয়ক বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (BASIS) হতে প্রত্যয়নপত্র; এবং

গ) বাংলাদেশে বীমা ব্যবসায়ে নিয়োজিত বীমাকারীর সাথে প্রতিটি বীমা পণ্য/সেবার জন্য সম্পাদিত সমঝোতা স্মারক বা চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি।

৭. **আবেদন পদ্ধতি:** রেগুলেটরি স্যান্ডবক্সে অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত দলিলাদি/প্রমাণকসহ আবেদন দাখিল করতে হবে:-

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি;

(খ) নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং সংঘবিধি ও সংঘ স্মারকের অবিকল নকলের কপি;

(গ) হালনাগাদ আয়কর সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঘ) যে বিষয়ে বীমাখাতে তথ্য প্রযুক্তির উদ্ভাবন হবে তার ডায়াগ্রামসহ সংক্ষিপ্ত বিবরণ;

(ঙ) বীমা ব্যবসায় তথ্য প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন পরিকল্পনা এবং বাস্তবায়নের পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ ও সুনিদিষ্ট কর্মকৌশল; এবং

(চ) আবেদন প্রক্রিয়াকরণের নিমিত্ত অনুচেছদ ৫ এ বর্ণিত প্রতি শ্রেণীর জন্য অফেরৎযোগ্য দশ হাজার টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট।

**৮. অনুমোদন প্রাপ্তির মানদন্ড:**

কর্তৃপক্ষ সন্তুষ্ট হলে এবং নিম্নবর্ণিত শর্ত পূরণ করলে রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) ফ্রেমওয়ার্কের অধীনে কাজ করার অনুমতি প্রদান করা হবে:-

(ক) দেশের বীমা শিল্পের জন্য তথ্য প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন (innovation) উপকারি হলে;

(খ) তথ্য প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষিত হলে;

(গ) একটি নিরাপদ ও সংরক্ষিত ব্যবস্থার মাধ্যমে বীমায় অন্তর্ভুক্তি এবং বীমার পেনিট্রেশন বৃদ্ধি পেলে; এবং

(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্টকৃত অন্যান্য শর্তাদি পূরণ করলে।

**৯. অনুমোদন:** বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিত কোন তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান (Insurtech বা start up) বীমাকারীর সাথে বীমা পণ্য বা বীমা সেবা প্রদানের কার্যক্রমে যুক্ত হতে পারবে না।

**১০. অনুমোদন বাতিল/ স্থগিতকরণ:** কর্তৃপক্ষ যে কোন সময় নিম্নলিখিত কারণে প্রদত্ত অনুমোদন বাতিল/ স্থগিত করার অধিকার সংরক্ষণ করবে:-

(ক) এ গাইডলাইন্সে উল্লিখিত শর্তের লঙ্ঘন হলে;

(খ) বীমা আইন, ২০১০ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি বা প্রবিধি বা অন্য কোন আইন বা বিধানের সাথে Insurtech/Start-up প্রতিষ্ঠানের কার্যক্রম সাংঘর্ষিক অথবা পরিপন্থী হলে;

(গ) স্যান্ডবক্সের আওতায় কোন কার্যক্রমের মাধ্যমে বীমা গ্রাহকের স্বার্থ ক্ষতিগ্রস্থ হলে এবং

(ঘ) কর্তৃপক্ষের নিকট রেগুলেটরি স্যান্ডবক্স এর কোন কার্যক্রম বেআইনী হিসেবে গণ্য হলে।

তবে শর্ত থাকে যে, অনুমোদন বাতিল বা স্থগিতের পূর্বে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হবে।

**১১. অনুমোদনের সময়কাল:** কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমোদন তিন বছরের জন্য বলবৎ থাকবে।

**১২) অনুমোদনের সময় বর্ধিতকরণ:** কর্তৃপক্ষ সন্তুষ্ট হলে নিম্নবর্ণিত শর্তে প্রদত্ত মেয়াদকাল বর্ধিত করতে পারবে:

ক) কার্যমূল্যায়ন প্রতিবেদনসহ সময় বর্ধিতকরণের যৌক্তিকতাসহ আবেদনপত্র;

খ) কর্তৃপক্ষ আবেদনের যথার্থতা মূল্যায়ন করে মেয়াদ বৃদ্ধি করবে;

গ) মেয়াদ বৃদ্ধি করা হলে অনুচ্ছেদ ১০ এর শর্তাদি বর্ধিত সময়ে একইভাবে প্রযোজ্য হবে।

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ কোনক্রমেই মেয়াদ এক বছরের অধিক বৃদ্ধি করবে না।

**১৩. সম্ভাব্য ঝুঁকি এবং প্রতিকার ঃ**

'Sandbox' এর অধীনে কোন বীমা পণ্য বা সেবা প্রদানের পরীক্ষামূলক কার্যক্রম চলাকালীন যে সকল ঝুঁকির উদ্ভব হতে পারে সেগুলো যথাযথভাবে শনাক্ত করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে। যথা:

ক. বীমা গ্রাহকদের সাথে উত্তম ও ন্যায় সংগত আচরণ নিশ্চিত করতে হবে;
খ. মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়নের প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
গ. বীমা গ্রাহকদের তথ্যাদি গোপন রাখতে হবে;
ঘ. আর্থিক লেনদেনের ক্ষেত্রে গ্রাহকদের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে ক্ষতিপূরণের ব্যবস্থা প্রদান করতে হবে;
ঙ. বীমা গ্রাহকদের পর্যাপ্ত তথ্যাদি প্রদান করতে হবে; এবং
চ. পরীক্ষামূলক পদ্ধতিতে অংশগ্রহণকারী বীমা গ্রাহকদের অভিযোগ প্রতিকারের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানে 'অভিযোগ ও প্রতিকারমূলক ব্যবস্থা' পদ্ধতি থাকতে হবে।

**১৪. প্রতিবেদন দাখিল ও অনুমোদনের মেয়াদউত্তীর্ণের সময়:**

ক. স্যান্ডবক্সের অধীনে বীমা পরিকল্প বা সেবার পরীক্ষা করার সময়ে তার অগ্রগতিমূলক প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে;

খ. বীমাপণ্য বা সেবার পরীক্ষা-নিরীক্ষার সকল রেকর্ড ও তথ্য যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করতে হবে;

গ. অন্তবর্তীকালীন প্রতিবেদন: বীমা পণ্য বা সেবা পরীক্ষা প্রক্রিয়া শুরুর ৬ মাসের মধ্যে নির্ধারিত লক্ষ্যের আলোকে অর্জিত লক্ষ্য, বিভিন্ন পরিসংখ্যান, পরিচালনগত অসুবিধাসমূহ সম্বলিত প্রতিবেদন কর্তৃপক্ষে দাখিল করতে হবে;

ঘ. চূড়ান্ত প্রতিবেদন: পরীক্ষা শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে গৃহীত উদ্ভাবন উদ্যোগের উদ্দেশ্যের বিপরীতে অর্জন পরীক্ষা পদ্ধতিতে অংশগ্রহণকারীদের মতামতের সংক্ষিপ্তসার, কোন অভিযোগ থাকলে তার উল্লেখসহ বিস্তারিত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে;

**১৫.অভ্যন্তরীণ নিরীক্ষা পদ্ধতি:** কর্তৃপক্ষ হতে অনুমোদন প্রাপ্তির পর রেগুলেটরি স্যান্ডবক্স প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত বিষয় নিশ্চিত করতে হবে;

(ক) রেগুলেটরি স্যান্ডবক্সের জন্য স্থাপিত সিস্টেমের শুদ্ধতা (integrity) সর্বদা সংরক্ষণ করতে হবে;
(খ) বীমা গ্রাহকদের তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে হবে; এবং
(গ) পর্যাপ্ত অভ্যন্তরীণ নিরীক্ষণ ব্যবস্থার মাধ্যমে সিস্টেমের গুণগতমান নিবিড় পরিবীক্ষণ এবং মূল্যায়ন করতে হবে।

**১৬.কর্তৃপক্ষের পরিদর্শন ও তথ্য চাওয়ার ক্ষমতা:**

(ক) কর্তৃপক্ষের নিযুক্ত কর্মকর্তা অথবা দল যে কোন সময় অনুমোদন প্রাপ্ত রেগুলেটরি স্যান্ডবক্স প্রতিষ্ঠানের যে কোন বই, তথ্য ভান্ডার/ই-তথ্য ভান্ডার, হিসাব, লেনদেন ও দলিলাদি পরিশর্দন করতে পারবে;

(খ) কর্তৃপক্ষ কোনো তথ্য/ পরিসংখ্যান/প্রমাণক লিখিতভাবে দাখিল করার নির্দেশ প্রদান করলে তা দাখিলের জন্য অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান বাধ্য থাকবে; এবং

(গ) যে কোনো অভিযোগের বিষয়ে রেগুলেটরি স্যান্ডবক্সের উপযুক্ত কর্মকর্তাদের কর্তৃপক্ষ শুনানিতে উপস্থিত হওয়ার নির্দেশ প্রদান করতে পারবে এবং শুনানী গ্রহণের পর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশ চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**১৭. উপদেষ্টা কমিটি:**

রেগুলেটরি স্যান্ডবক্সের কার্যক্রম সম্পর্কে পরামর্শ বা সুপারিশ প্রদানের জন্য কর্তৃপক্ষে নিম্নবর্ণিতভাবে একটি উপদেষ্টা কমিটি গঠিত হবে:

ক) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ- আহ্বায়ক;

খ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের দুইজন সদস্য;

গ) বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি;

ঘ) বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

ঙ) নির্বাহী পরিচালক আইন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ - সদস্য সচিব।

**১৮. গাইডলাইন সংশোধন করার ক্ষমতা:**

কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে **'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স গাইডলাইন্স'-২০২৩'** এর পরিবর্তন, পরিমার্জন বা সংশোধন করতে পারবে। কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স গাইডলাইন্স, ২০২৩ বা উক্ত গাইডলাইন্সের যে কোন অনুচ্ছেদের বিষয়ে ব্যাখ্যা বা সার্কুলার বা নির্দেশনা জারি করতে পারবে।

২৪.১১.২৩

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ